



ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি  
রাউতাইল, ঝিনাইদহ

ফোনঃ ০২৪৭৭৭৪৭০১৬, ই-মেইলঃ jhenaidah\_pbs@yahoo.com,  
ওয়েবসাইটঃ www.pbs.jhenaidah.gov.bd



স্মারক নং- ২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.০০৮.২৩. ২১০৯

তারিখঃ ২০ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

### বিষয়ঃ পুনঃআন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর এর শূন্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী “ওয়্যারিং পরিদর্শক” গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**পদের নামঃ পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/মেম্বার সার্ভিস কো-অর্ডিনেটর, শূন্য পদ ০১ (এক)টি।**

#### ০১) যোগ্যতাঃ

- ক) ওয়্যারিং পরিদর্শক পদে ন্যূনতম ১০ (দশ) বছর এবং ডিপ্লোমাদারীদের ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- খ) কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
- গ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
- ঘ) বিগত ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম রেটিং ৩.৫০ থাকতে হবে।
- ঙ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণে এবং বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- চ) ঝিনাইদহ পবিসের কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২ এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
- ছ) দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে।
- জ) ওয়্যারিং যন্ত্রপাতি, মালামাল ও যন্ত্রাংশ সম্পর্কে ধারণা ও অভিজ্ঞতা থাকতে হবে।

#### শর্তাবলীঃ

- ০১) আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদাকাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ (ড) একই পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক আবেদন পত্রসহ আগামী ১৪/০৩/২০২৩খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, রাউতাইল, এ স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

#### ০২) আবেদনপত্রের সহিত নিম্নে বর্ণিত কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ

- ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের ফটোকপি।
- খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
- গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
- ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
- চ) ডিজিটাল জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
- ছ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- জ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
- ঝ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঞ্জিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ঞ) আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- ট) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

চলমান পাতা-২

